এক নজরে মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই) ঃ

১৯৫৩ সাল ঃ জাতিসংঘ শিশু তহবিল (UNICEF) ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর যৌথ উদ্যোগে ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালের মাধ্যমে আজিমপুর মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অগ্রযাত্রা শুরু হয়। এর মূল উদ্দেশ্য ছিলো– সীমিত আকারে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান এবং মা, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে জড়িত মহিলা স্বাস্থ্য পরিদর্শিকাদের (LHV) প্রশিক্ষণ প্রদান করা।

১৯৬০ সাল ঃ আজিমপুর মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে ২০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত করা হয়।

১৯৯১ সাল ঃ বাংলাদেশ সরকার হাসপাতালের মান উন্নয়নের লক্ষ্যে জাপান সরকারের নিকট অনুদানের বিষয়ে একটি প্রস্তাব পেশ করেন। এ প্রস্তাবে জাপান সরকার প্রতিষ্ঠানটির মান উন্নয়ন ও সংস্কারে সম্মতি জ্ঞাপণ করেন।

১৯৯৭ সাল ঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থ্যা (WHO) এবং জাতিসংঘ শিশু তহবিল(UNICEF) এর পক্ষ হতে আজিমপুর মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান 'শিশু বান্ধব হাসপাতাল' হিসেবে মর্যাদা লাভ করে ।

মে, ১৯৯৮ সাল ঃ বাংলাদেশ ও জাপান সরকার কর্তৃক স্বাক্ষরিত চুক্তিপত্রের মাধ্যমে হাসপাতালের সংস্কার ও পূনঃনির্মাণের কার্যক্রম শুরু করা হয় ।

সেপ্টেম্বর, ১৯৯৯ ঃ "প্রজনন স্বাস্থ্যে মানব সম্পদ উন্নয়ন" Human Resource of Development in Reproductive Health (HRDRH) শীর্ষক ০৫(পাঁচ) বছর মেয়াদী একটি প্রযুক্তি নির্ভর পরিকল্পনা কার্যক্রম চালু করা হয়।

জুন, ২০০০ সাল ঃ মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে ১০০-১৭৩ শয্যায় উন্নীতকরণ ও আধুনিকায়ন করা হয়। পরবর্তীতে ২০০০ সালের ১৯ আগস্ট বাংলাদেশ ও জাপান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় নবনির্মিত মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান(MCHTI) -এর শুভ উদ্ভোধন করেন।

বর্তমানে আজিমপুর মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (MCHTI) একটি **'নারী বান্ধব হাসপাতাল'** (Woman Friendly Hospital Initiative) হিসেবে যাবতীয় উদ্যোগ সু-নিশ্চিত করছে। যেমন-

ক. সেবার গুণগত মান নিশ্চিত করা
খ. মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করা
গ. "নারীর প্রতি সংহিংসতা" প্রতিরোধ ব্যবস্থাপনা ও প্রতিবেদন তৈরী।
ঘ. সম্পদের সুষ্ঠু বন্টনের মাধ্যমে নারী স্বাস্থ্য সেবা ও লিঙ্গ সমতা আনয়ন ।

❑ উদ্দেশ্যঃ

- মাতৃমৃত্যু ও মাতৃত্বজনিত অসুস্থতার হার কমানো।
- গুণগত সেবার মাধ্যমে শিশুমৃত্যু হারহ্রাস ।
- পরিবার পরিকল্পনা সেবাদানে একটি 'আদর্শ কেন্দ্র' হিসেবে কাজ করা ।
- মা, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে টারসিয়ারী রেফারাল কেন্দ্র হিসেবে কাজ করা।
- মা, শিশু স্বাস্থ্য, বিশেষ করে যৌন ও প্রজনন স্বাস্থ্যের (SRH) উপর প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে প্রশিক্ষণ প্রদান করা।
- বাংলাদেশ এবং এতদঅঞ্চলে মা, শিশু স্বাস্থ্যে নেতৃত্ব দানকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে কাজ করা।

চিকিৎসা ক্ষেত্রে অর্জনঃ

- HRDRH প্রজেক্ট(১৯৯২-২০০৪) বাস্তবায়নের ফলে ক্লিনিক্যাল সেবার মান লক্ষণীয়ভাবে উন্নত হয়েছে। আধুনিক ও প্রযুক্তি নির্ভর রোগ নির্ণয়ে বিনিয়োগ থাকায় রোগীদের ২৪(চব্বিশ) ঘন্টা সেবা প্রদান কার্যক্রম চালু রাখা সম্ভব হয়েছে । ফলে রোগীদের অন্য হাসপাতালে স্থান্তরের প্রয়োজন হয় না।
- ক্লিনিক্যাল সেবার পাশাপাশি, মাতৃস্বাস্থ্য (MCH) সেবা প্রদানের ক্ষেত্রে কর্মীদের দক্ষতা বৃদ্ধি ছাড়াও আধুনিক রোগ নির্ণয়ের সরঞ্জাম থাকায় রোগীরা স্বল্প মূল্যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করার সুযোগ পাচ্ছে।
- পরিসংখ্যানে দেখা যায়, প্রতিষ্ঠানে ক্লিনিক্যাল সেবার মান ক্রমাগত উন্নত হচ্ছে এবং রোগীর সংখ্যাও প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে ।

জনবল ঃ

চিকিৎসক, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের অনুমোদিত পদ ২২১টি, কর্মরত ২১৪টি ও শূণ্য পদ ০৭টি। এছাড়া, ১৬ জন চিকিৎসক কর্মকর্তা সংযুক্তি হিসেবে কর্মরত আছেন।

এমসিএইচটিআই-এর বর্তমান মোট শয্যা সংখ্যাঃ ১৭৩টি

- ধাত্রী এবং গাইনী বিভাগের জন্য - ১১৬ টি শয্যা
  - ক. ধাত্রী বিভাগ - ৯৮ টি শয্যা
  - খ. গাইনী বিভাগ - ১৮ টি শয্যা
- শিশু বিভাগের জন্য - ৫৭ টি শয্যা
  - ক. নবজাতক ওয়ার্ড - ২০টি শয্যা
  - খ. শিশু ওয়ার্ড - ৩৭ টি শয্যা
- অস্ত্রোপচার পরবর্তী (Post Operative) : ১২ টি শয্যা

সেবার ক্ষেত্র/পরিধিঃ

জরুরী প্রসূতি সেবা ঃ

- গর্ভবতী মায়েদের নিরাপদ প্রসব সেবার নিশ্চয়তা
- নিরাপদ প্রসব সেবা নিশ্চিতকরণ
- নবজাতকের প্রাথমিক চিকিৎসা সেবার নিশ্চয়তা

ধাত্রী ও গাইনী বিভাগঃ

- প্রসব পূর্ববর্তী সেবা (২৪ ঘন্টা)
- স্বাভাবিক ডেলিভারী (২৪ ঘন্টা)
- সিজারিয়ান ডেলিভারী (২৪ ঘন্টা)
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা
- মহিলাদের প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত সেবা
- গর্ভপাত পরবর্তী সেবা
- অন্যান্য সেবা ও বন্ধ্যাত্ব দূরীকরণ

শিশু বিভাগঃ

- নবজাতক সেবা
- পাঁচ বছরের নীচে শিশুদের চিকিৎসা সেবা
- শিশুদের আন্তঃ বিভাগ সেবা
- শিশু অস্ত্রোপচার
- ইপিআই(মা ও শিশুদের টিকা) সেবা
- মা ও শিশুদের পুষ্টি সেবা

এ্যানেসথেসিয়া ঃ

- অস্ত্রোপচারের পূর্ববর্তী চেকআপ
- অস্ত্রোপচারের পরবর্তী ব্যবস্থাপনা
- অস্ত্রোপচার কালীন ব্যবস্থাপনা

ব্লাড ব্যাংক ঃ

- জরুরী অবস্থায় রোগীর জন্য রক্ত সরবরাহ নিশ্চিত করা।

ক্লিনিক্যাল পরীক্ষা ঃ

- আলট্রাসনোগ্রাম
- প্যাথলজি
- এক্স-রে
- ভায়া পরীক্ষা
- ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা

ক্লিনিক্যাল সরঞ্জাম ঃ

- ডপলার
- ইনকিউবেটর
- কার্ডিয়াক মনিটর
- পাল্‌স অক্সিমিটার

❑ স্বাস্থ্য শিক্ষা ও পরামর্শদান ঃ

- কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও চিকিৎসা সেবা
- প্রসব পূর্ববর্তী ও পরবর্তী মায়েদের কাউন্সিলিং সেবা
- পুষ্টি পরামর্শ সেবা
- বুকের দুধ খাওয়ানো সম্পর্কে কাউন্সিলিং সেবা
- রোগীদের সাধারণ কাউন্সিলিং সেবা
- অভিভাবক / স্বামীদের কাউন্সিলিং সেবা

❑ বিশেষ সুবিধাদি ঃ

- ফার্মেসি
- কেবিন সুবিধা
- কেন্দ্রীয় অক্সিজেন সরবরাহ ব্যবস্থা
- এ্যাম্বুলেন্স সেবা (২৪ ঘন্টা)
- সমাজ সেবা বিভাগ

❑ অন্যান্য সুবিধা ঃ

- বৈদ্যুতিক সাব-ষ্টেশন -১১ কেভিএ
- ডিজেল জেনারেটর - ৩২০ কেভিএ
- ডিজিটাল পিএবিএক্স - ৫০ এক্সটেনশন
- শীতাতপ নিয়ন্ত্রিত ব্যবস্থা
- গরীব ও দুস্থ রোগীদের জন্য বিনামূল্যে সেবা

❑ পরিবার পরিকল্পনা সেবা ঃ

নিম্মোক্ত পরিবার পরিকল্পনা সেবাসমূহ বিনামূল্যে সরবরাহ করা হয় ।

- টিউবেকটমি
- ছুড়ি কাঁচি বিহীন ভেসেকটমি (NSV)
- আইইউডি ইনসারশন ও রিমুভাল
- ইমপ্লান্ট
- ইনজেকশন
- খাবার বড়ি
- কনডম
- জরুরী গর্ভনিরোধক বড়ি (ECP)
- এমআরসহ উল্লেখিত সেবার জটিলতা বিষয়ক সকল সমস্যার সমাধান
- রেফারেল

মাতৃ ও শিশু স্বাস্থ্য কার্যক্রমঃ (জুলাই ২০১০ - জুন ২০১১ খ্রিঃ)

ANC	PNC	Delivery	RTI/STD	C-section	Child Care		Still Birth	New natal death	Immunization	OBGY admission	Child admission	Total admission
					0-1	01-05						
36312	9000	4494	2	2829	22490	20695	12	6	34509	5161	2087	7248

পরিবার পরিকল্পনা কার্যক্রমঃ (জুলাই ২০১০ - জুন ২০১১ খ্রিঃ)

Tubectomy	Vesectomy	Implant	IUD	Injection	Oral Pill (person)	Condom (person)
223	902	348	370	53546	5741	2889

মাতৃ ও শিশু স্বাস্থ্য কার্যক্রমঃ (জুলাই ২০১৩ - জুন ২০১৪ খ্রিঃ)

ANC	PNC	Deli-very	RTIS/STD	C-Section	Child Care		Still Birth	New natal death	Immunization
					0-1	01-05			
26511	7672	4051	0	2810	12779	13969	22	7	19799

পরিবার পরিকল্পনা কার্যক্রমঃ (জুলাই ২০১৩ - জুন ২০১৪ খ্রিঃ)

Tubectomy	Vesectomy	Implant	IUD	Injection	Oral Pill person	Condom person	OBGY admission	Child admission	Total Admission
199	3040	178	276	2066	2514	2494	4854	2114	6968

❑ সমাজ কল্যাণ বিভাগঃ

১৯৯৪ সাল থেকে 'সমাজ কল্যাণ বিভাগ' মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে তাদের কার্যক্রম শুরু করে। উক্ত বিভাগটি যে সকল সেবা কার্যক্রম পরিচালনা করছে তা হলঃ

- বিনামূল্যে ঔষধ, রক্ত ও রক্তের সরঞ্জাম এবং দুস্থদের জন্য বিশেষ খাদ্য সামগ্রী সরবরাহ ।
- প্রয়োজনবোধে হাসপাতালের বাইরে ল্যাব ও অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার জন্য আর্থিক সাহায্যদান ।
- মা ও তার পরিবারকে স্বাস্থ্য, পুষ্টি, নবজাতকের পরিচর্যা, পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশুকে বুকের দুধ খাওয়ানো ইত্যাদি সম্পর্কে পরামর্শদান ।

❑ রোগী কল্যাণ কমিটির মাধ্যমে তহবিল গঠণ ঃ

- শীত বস্ত্র বিতরণ ।
- দুস্থ রোগীদের পুর্নবাসনের লক্ষ্যে হুইল চেয়ার, সেলাই মেশিন ইত্যাদি সরবরাহ ।
- সন্তান দত্তক নেয়ার ক্ষেত্রে সহযোগিতা/সাহায্য প্রদান ।

❑ অন্যান্য কার্যক্রমঃ

- বিভিন্ন ইউনিটে প্রভাতী অধিবেশন
- ক্লিনিক্যাল সেমিনার ও আলোচনা সভা
- চলমান চিকিৎসা শিক্ষা

❑ প্রশাসনঃ

সকল কর্মকান্ড নির্বিঘ্নে পরিচালনা করা ও প্রতিষ্ঠানের সেবার মান অক্ষুন্ন রাখার বিষয়ে বিভিন্ন কমিটি কর্মরত রয়েছেন। যেমন-

- হাসপাতাল ব্যবস্থ্যাপনা কমিটি
- ক্লিনিক্যাল কমিটি
- প্রশিক্ষণ ব্যবস্থ্যাপনা কমিটি
- শিশু বান্ধব হাসপাতাল উদ্যোগ কমিটি (BFHI).

❑ প্রশিক্ষণ ইউনিটঃ

- এমসিএইচটিআই, মা, শিশু স্বাস্থ্য ও পুষ্টি/যৌন ও প্রজনন স্বাস্থ্য (MNCH/SRH) সম্পর্কিত সেবা প্রদানকারীদের প্রশিক্ষণ প্রদান করছে।
- এ স্বতন্ত্র প্রশিক্ষণ ইউনিটটি প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জামে ও মানব সম্পদে সু-সজ্জিত। প্রতিষ্ঠানের ভেতর ও বাহির হতে অভিজ্ঞ প্রশিক্ষকগণ তাত্ত্বিক ও ব্যবহারিক অধিবেশনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকেন।
- একজন সহকারী সমন্বয়কারী(প্রশিক্ষণ ও গবেষণা) কর্মকর্তা রয়েছেন যিনি প্রতিষ্ঠান প্রধানের সার্বিক নির্দেশনায় প্রশিক্ষণ ইউনিটের সকল কার্যক্রম তত্ত্বাবধান ও পরিচালনা করেন।

❑ প্রশিক্ষণ ইউনিটের কার্যক্রমঃ

- চিকিৎসক কর্মকর্তা(ধাত্রী/গাইনী ও শিশু) গণকে ০১(এক)বছর মেয়াদী অবৈতনিক প্রশিক্ষণ প্রদান।
- ডাক্তার, Nursing Instructor, SACMO, প্যারামেডিক, CHCP, MA, SSN, Nurse, FWV, FWA দেরকে নিরাপদ প্রসব, জরুরী নবজাতক সেবা, নবজাতক ও বাড়ন্ত শিশুখাদ্য, বুকের দুধ পান ও দুগ্ধদানে পরামর্শদান, স্থায়ী ও অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি, প্রসব পূর্ব ও প্রসব পরবর্তী পরামর্শদান, মাতৃ ও শিশু মৃত্যুহার হ্রাস, CBT, CSBA, EOC, ANC, PNC, IYCF, Clinical Contraception, HIV/AID's, RTI/STI, CME, IUCD এবং অস্ত্রোপচার বিষয়ক গবেষণার উপর TOT প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া, স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীসহ বিভিন্ন মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়, নার্সিং প্রতিষ্ঠান, সরকারী/বসরকারী, দেশী/বিদেশী সংস্থা/এনজিও থেকে আগত প্রশিক্ষণার্থী/স্বাস্থ্যকর্মীদের এসকল প্রশিক্ষণ প্রদান করা হয়।

❑ অন্যান্য প্রশিক্ষণ ও অবহতিকরণ (Orientations) প্রোগ্রামসমূহ ঃ

ঢাকা মেডিক্যাল কলেজ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ইব্রাহিম মেডিকেল কলেজ(বারডেম), নর্দান মেডিক্যাল কলেজ, বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, নিপসম (MPH) শিক্ষার্থী, 'ব্রাক বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠান হতে আগত ০৪ (চার) বছর মেয়াদী এমবিবিএস শিক্ষার্থীদের জন্য যৌথ পরিদর্শণ ব্যবস্থা।

❑ গবেষণা কার্যক্রমঃ

এ প্রতিষ্ঠানে দেশি ও বিদেশী বিভিন্ন ধরণের গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। যেমন ঃ

- পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক Jadle(দুই রড বিশিষ্ট জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি) এর উপর পরীক্ষামূলক গবেষণা কার্যক্রম অব্যাহত রয়েছে।

- গর্ভকালীন সময়ে ভিটামিন-বি ১২ এর কার্যকরী ভূমিকা পর্যবেক্ষণ ও প্রসব পরবর্তী সময়ে অপুষ্টিজনিত রক্ত শূণ্যতা কমানো, মা ও শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ICDDR'B হতে একটি গবেষণামূলক কার্যক্রম চালু রয়েছে।
- ইব্রাহিম মেডিকেল কলেজ (বারডেম) থেকে গর্ভবতী মা-দের প্রসব পরবর্তী অবস্থা এবং শিশুস্বাস্থ্যের উপর গ্লুকোজের প্রভাব সম্পর্কে একটি পরীক্ষামূলক গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

এছাড়া, NIPORT, NIPSOM, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গার্হস্থ অর্থনীতি কলেজ, দক্ষিণ এশিয়া বিশ্ববিদ্যালয়, জেমস সুক বিশ্ববিদ্যালয়, অষ্ট্রেলিয়া (সিংগাপুর ক্যাম্পাস), ঢাকা বিশ্ববিদ্যালয় (খাদ্য ও পুষ্টি বিজ্ঞাণ বিভাগ) থেকে আগত বিভিন্ন ব্যক্তি গবেষণা কার্যক্রম পরিচাল্না করছেন।

পরিশেষঃ

এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। পরিবার পরিকল্পনা বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণ, পরামর্শ ও সহায়তাদান, ফলোআপ পদ্ধতি, গবেষণা কার্যক্রম, সরকারী ও বেসরকারী চিকিৎসক, নার্স, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং মাঠকর্মীদের প্রশিক্ষণদান। সর্বোপরি গভবর্তী মাদের প্রসবপূর্ব ও প্রসব পরবর্তী সেবাসহ পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শদানে একটি আদর্শ প্রতিষ্ঠান হিসেবে দেশে বিদেশে এর ব্যাপক পরিচিতি রয়েছে।